গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পারসোনেল-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd



নম্বর: ৫৯.০০.০০০০. ১০৯.১১.০১৩.২২.৫১৯

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ / ০২ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া এর জন্য ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ অর্থবছরে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাকর্মীর সেবা ক্রয়।

সূত্র: ০১. স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর-৫৯.১৪.০০০০.০০০.১০২.১৮.০০০১.২৫.৬০৫, তারিখ: ২৭.০৪.২০২৫ খ্রি.;
০২. অর্থ বিভাগের স্মারক নম্বর-০৭.০০.০০০০.০০০.১৫৬.১৫.০০২৪.২২.৩৬৫, তারিখ: ২৫.০৮.২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া এর জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর ৫ (ক)(২) অনুচ্ছেদ অনুযায়ী নিম্নোক্ত ছকে বর্ণিত ৬৮ (আটষট্টি) জন নতুন সেবা ০১.০৯.২০২৬ হতে ৩০.০৬.২০২৮ খ্রি. পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত মোতাবেক ক্রয়ের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্রম	সেবাকর্মীর ধরণ	সেবাকর্মীর সংখ্যা	সেবার ক্যাটাগরি
০১.	ইলেকট্রিশিয়ান	০১	ক্যাটগরি-১
০২.	এসি মেকানিক	০১	
০৩.	ড্রাইভার (হেভি)	০২	
০৪.	স্যানিটারি মিস্ত্রি (প্লাম্বার)	০২	ক্যাটাগরি-২
০৫.	ড্রাইভার (লাইট)	০১	
০৬.	বাবুর্চি (কুক)	০৮	ক্যাটাগরি-৪
০৭.	গার্ডেনার (মালি)	০১	
০৮.	লিফটম্যান	০৫	ক্যাটাগরি-৫
০৯.	গাড়ির হেলপার	০৩	
১০.	হোস্টেল অ্যাটেনডেন্ট	১০	
১১.	গেস্ট হাউজ অ্যাটেনডেন্ট	০২	
১২.	পরিচ্ছন্নতাকর্মী	১০	
১৩.	ডোম	০২	
১৪.	মশালচি	১০	
১৫.	নিরাপত্তা প্রহরী	১০	
	মোট=	**৬৮**	

শর্তাবলী:

(ক) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর তপশিল-'খ' অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ করতে হবে;

(খ) সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% হবে;

(গ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;

(ঘ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে;

(ঙ) আউটসোর্সিং প্রক্রিয়ায় পরিচ্ছন্নতা কর্মী-এর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে;

(চ) অর্থ বিভাগের পূর্বানুমতি ব্যতীত সেবা ক্রয়ের মেয়াদ বৃদ্ধি করা যাবে না;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ছ) এ সেবা ক্রয়ের মেয়াদ ৩০.০৬.২০২৮ খ্রি. পর্যন্ত কার্যকর থাকবে;

(জ) সেবাকর্মীকে জাতীয় পেনশন কর্তৃপক্ষের অধীনে পরিচালিত সর্বজনীন পেনশন স্কিমের অন্তর্ভুক্ত হতে হবে;

(ঝ) সম্পদের সর্বোচ্চ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের ও স্বল্পতম সময়ে মানসম্মত সেবা ক্রয়ের লক্ষ্যে যেসব সেবা আউটসোর্সিং প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা হয়েছে সেসব সেবার বিপরীতে ইতোপূর্বে সৃজিত রাজস্বখাতের শূন্য হওয়া পদসমূহ বিলুপ্তি ঘোষণার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে; এবং

(ঞ) মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে তিন মাস পূর্বে অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে ও উপরোক্ত শর্তসমূহ প্রতিপালিত হয়েছে কিনা তা উল্লেখ করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

দূর-রে-শাহ্ওয়াজ
উপসচিব
ফোন-৫৫১০০৭৯৫
mail-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ
শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া

নম্বর: ৫৯.০০.০০০০. ১০৯.১১.০১৩.২২.৫১৯ তারিখ: ০২. ০৯. ২০২৬ খ্রি.

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩. যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৪. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৬. সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সরকারি আদেশটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অফিস কপি

দূর-রে-শাহ্ওয়াজ
উপসচিব